ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ

ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ

ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগের মূল কার্যক্রম হচ্ছে অর্থনৈতিক উপদেষ্টা অনুবিভাগ, সামষ্টিক অর্থনীতি অনুবিভাগ এবং বাজেট অনুবিভাগসমূহের কাজের সাথে সমন্বিতভাবে কর রাজস্ব সংক্রান্ত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও মূল্যায়ন এবং কর রাজস্ব আদায়ের অগ্রগতি পরিবীক্ষণ; জাতীয় রাজস্ব বোর্ডের আওতা বহির্ভূত কর-রাজস্ব ও কর বহির্ভূত রাজস্ব সংক্রান্ত তথ্য সংগ্রহ, বিশ্লেষণ ও মূল্যায়ন; কর বহির্ভূত রাজস্ব ধার্য ও আদায় কার্য পরিবীক্ষণ; ঋণ মিশ্রণ (debt mix) অর্থাৎ ঋণ কোন কোন সূত্র থেকে গৃহীত হবে তা নির্ধারণ; বৈদেশিক ঋণের শর্ত-নির্ভরশীলতা (conditionality) ও সরকারি ঋণের টেকসই অবস্থা (debt sustainability) বিশ্লেষণ ও পরিবীক্ষণ; সরকারি বন্ডের বাজার সম্প্রসারণ বিষয়ক কার্যক্রম পরিচালনা; বাংলাদেশ সরকারের প্রাপ্য ডিএসএল (Debt Service Liability) এর অর্থ আদায়; সরকারের বাজেট থেকে প্রদত্ত ঋণ সংক্রান্ত চুক্তি সম্পাদন; বৈদেশিক চুক্তি সংক্রান্ত খসড়া পর্যালোচনা, বিশ্ব ব্যাংক এবং এশীয় উন্নয়ন ব্যাংকসহ বিভিন্ন বহুপাক্ষিক এবং দ্বিপাক্ষিক উন্নয়ন সহযোগী দাতা সংস্থাসমূহের সাথে যোগাযোগ রক্ষা এবং আর্টিকেল-৪ কনসালটেশন ব্যতিত আইএমএফ সংক্রান্ত কার্যাবলী সম্পাদন। ২০১৬-১৭ অর্থ বছরে ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ এর সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলীর বিবরণ নিম্নে দেয়া হলোঃ

ডিএসএল

- বিভিন্ন প্রতিষ্ঠানের অনুকূলে নতুন ঋণ প্রদানের লক্ষ্যে খসড়া SLA (Subsidiary Loan Agreement) এবং LA (Loan Agreement)-এর ওপর মতামত প্রদান করে বাজেট অনুবিভাগে প্রেরণ
- বিভিন্ন সংস্থার বিভিন্ন কিস্তির অর্থ ছাড়ের ক্ষেত্রে ডিএসএল অধিশাখার মতামত প্রদান
- “ডিএসএল (লগ্নী-পুনঃলগ্নী) হিসাব বিবরণী ও নির্দেশিকা (২০১৪-১৫ অর্থবছর পর্যন্ত)”-পুস্তিকাটি বিভিন্ন স্বায়ত্তশাসিত, আধা-স্বায়ত্তশাসিত এবং স্থানীয় সরকার (স্ব-শাসিত) প্রতিষ্ঠানসমূহে প্রেরণ
- সরকারি ইকু্যইটির হিসাব হালনাগাদকরণের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থার প্রয়োজনীয় তথ্যাদি সংগ্রহের কার্যক্রম গ্রহণ। এ কার্যক্রম সম্পন্ন হলে ইক্যুইটি নির্দেশিকা মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ২০১৬-১৭ অর্থ বছরের জন্য সংস্থাওয়ারী আসল ও সুদ বাবদ প্রাপ্য অর্থের হিসাব সংযুক্ত তহবিল প্রাপ্তি বাজেটে প্রদর্শনের নিমিত্ত ডিএসএল বাজেট প্রণয়নপূর্বক জাতীয় বাজেটে অন্তর্ভুক্তকরণ
- ক্রেডিট লাইন ভিত্তিক পরিশোধিত ডিএসএল (DSL) ডাটা এন্ট্রির মাধ্যমে MS Excel এ সংরক্ষণ এবং প্রতিষ্ঠানসমূহের ডিএসএল মওকুফ ও ইক্যুইটিতে রূপান্তর যথাযথভাবে সমন্বয় করে হিসাব হালনাগাদকরণ
- বাজেট অনুবিভাগ থেকে সম্পাদিত SLA/LA পাওয়ার পর যথাযথভাবে ক্রেডিট লাইনভিত্তিক ডিএসএল হিসাব খোলা এবং প্রাপ্ত SLA/LA -এর কপি অর্থ বিভাগের Central Server-এ সংরক্ষণ
- ঋণ পুনঃতফসিলিকরণ, ইক্যুইটিতে রূপান্তর, ডিএসএল মওকুফ বা বকেয়ার সাথে সমন্বয় ইত্যাদি বিষয়ে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে প্রেরিত প্রস্তাবের ওপর মতামত প্রদান এবং এ বিষয়ে কোন সিদ্ধান্ত পাওয়া গেলে সে অনুযায়ী হিসাব হালনাগাদকরণ
- বিভিন্ন সংস্থা হতে প্রাপ্ত ডিএসএল পরিশোধ ত্বরান্বিত করার লক্ষ্যে সভা আহবান
- ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিলের যাবতীয় কার্যক্রমে সাচিবিক সহায়তা প্রদান

ট্রেজারি ব্যবস্থাপনা

- **মুদ্রা মুদ্রণ:** অর্থ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের স্বাক্ষরে ৫ টাকা মূল্যমানের কারেন্সি নোট ইস্যু করা হয়েছে। এছাড়া ২ টাকা মূল্যমানের কারেন্সি নোটের মেশিন প্রুফ অনুমোদন করা হয়েছে।
- **অচল ঘোষিত স্ট্যাম্প বিনষ্টকরণ:** বগুড়া, নীলফামারী, মানিকগঞ্জ, গোপালগঞ্জ, গাইবান্ধা, লালমনিরহাট, হবিগঞ্জ, ময়মনসিংহ, কিশোরগঞ্জ ও নোয়াখালী জেলাসমূহের ট্রেজারিতে প্রতিনিধি প্রেরণের মাধ্যমে অচলঘোষিত, ব্যবহার অনুপযোগী ও চাহিদাবিহীন স্ট্যাম্পসমূহের বিনষ্টকরণ সংক্রান্ত কার্যাদি সম্পাদন করা হয়েছে।

- **ট্রেজারি কার্যক্রম চালুকরণ:** সোনালী ব্যাংক লিমিটেড এর তিতাস শাখা (কুমিল্লা), বিজয়নগর শাখা (ব্রাহ্মণবাড়িয়া) ও তারাকান্দা শাখা (ময়মনসিংহ) কে ট্রেজারি কার্যক্রম (সরকারি লেনদেন) পরিচালনার বিষয়ে অনাপত্তি প্রদান করা হয়েছে। তাছাড়া সোনালী ব্যাংকের মোগড়াপাড়া শাখা (নারায়নগঞ্জ), সিইউএফএল শাখা (চট্টগ্রাম) ও কাওরান বাজার শাখা (ঢাকা) কে শুধুমাত্র সরকারি অনুদান গ্রহণের অনুমোদন প্রদান করা হয়েছে।
- **প্যাডলক অনুমোদন:** জয়পুরহাট জেলার ট্রেজারির চাহিদার ভিত্তিতে ২ টি এবং দিনাজপুর জেলার ট্রেজারির চাহিদার ভিত্তিতে ২ মোট ৪ টি প্যাডলক সরবরাহ করা হয়েছে।
- **বাজেট প্রণয়ন ও অর্থ বরাদ্দ:** ০৯০২ ট্রেজারি প্রতিষ্ঠান খাতের বাজেট প্রণয়ন ও বরাদ্দ প্রদান এবং ০৯০৩ টাকশাল ও ০৯০৪ মুদ্রা খাতে বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে।
- **ট্রেজারি প্রতিষ্ঠান নিয়ন্ত্রণ:** বাংলাদেশ সর্বমোট ৬২টি জেলা ট্রেজারির নিয়ন্ত্রণ ও প্রশাসনিক কার্যক্রম যথারীতি সম্পাদন করা হয়েছে। উল্লেখ্য শরীয়তপুর ও জয়পুরহাট জেলা ট্রেজারি স্ব স্ব জেলা প্রশাসনের জনবলের মাধ্যমে তাদের ট্রেজারি কার্যক্রম পরিচালনা করে থাকে।

পিপিপি ইউনিট

- দেশের অবকাঠামো উন্নয়নে বিভিন্ন মন্ত্রণালয়ের প্রস্তাবিত পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) প্রকল্পসমূহের বিস্তারিত সমীক্ষা সম্পাদন, Transaction Advisor নিয়োগসহ পিপিপিতে সরকারের সক্ষমতা অর্জনে পিপিপি ইউনিটের মাধ্যমে ৩০ কোটি টাকার কারিগরি সহায়তা প্রদানের ক্ষমতা পিপিপি কর্তৃপক্ষকে প্রদান করা হয়েছে।

নগদ ও প্রচ্ছন্ন দায় ব্যবস্থাপনা

- ২০১৬-১৭ অর্থ বছরে বিভিন্ন রাষ্ট্রায়ত্ত ও সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান কর্তৃক জনগুরুত্বপূর্ণ প্রকল্পে অর্থায়ন এবং নিত্য প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ দ্রব্য বা সেবা আমদানী অর্থায়নে গৃহীত ঋণের বিপরীতে নিম্নলিখিত রাষ্ট্রীয় গ্যারান্টি প্রদানঃ

ক্র. নং	প্রতিষ্ঠানের নাম	গ্যারান্টির সংখ্যা	গ্যারান্টির পরিমাণ
০১	বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন (বিপিসি)	৩টি	৪৫০ মিঃমাঃডঃ
০২	বাংলাদেশ কৃষি উন্নয়ন করপোরেশন (বিএডিসি)	২টি	৫০০০ কোটি টাকা
০৩	বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ করপোরেশন (বিসিআইসি)	৫টি	৪৮০০ কোটি টাকা
০৪	বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (বিটিআরসি)	১টি	১৫৭ মিঃ ইউরো
০৫	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব)	১টি	৭০০ কোটি টাকা
০৬	ট্রেডিং করপোরেশন অব বাংলাদেশ (টিসিবি)	৩টি	৪৯.৭৫ কোটি টাকা
০৭	আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক	১টি	১০০.০০ কোটি টাকা
০৮	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বিপিডিবি)	১টি	১.৬ বিলিয়ন মার্কিন ডলার
০৯	বাংলাদেশ সুগার এন্ড ফুড ইন্ডাস্ট্রিজ করপোরেশন (বিএসএফআইসি)	১০টি	১,৩১০.৭৩ কোটি টাকা
১০	বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ	১টি	৪৫.৫০ মিঃমাঃডলার
১১	নর্থ ওয়েষ্ট পাওয়ার জেনারেশন কোঃ (নওপাজেকো)	১টি	১৯৮.৪৮ মিঃমাঃডলার

- বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ এর অনুকূলে ২০১৫ সালে সরবরাহকৃত ২টি ৭৭৩-৮০০ উড়োজাহাজ এর Per-Delivery Payment (PDP) বাবদ অর্থায়নের জন্য গৃহীত ঋণের বিপরীতে সম্পাদিত চুক্তি সংশোধনসহ সোনালী ব্যাংক (ইউকে) লিঃ এর অনুকূলে প্রদত্ত রাষ্টীয় গ্যারান্টির মেয়াদ বৃদ্ধি

- বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স করপোরেশন কর্তৃক গৃহীত 'Rural and Urban Housing Project in Bangladesh' শীর্ষক প্রকল্প বাস্তবায়নে IDB এর নিকট হতে গৃহীতব্য ঋণের বিপরীতে রাষ্ট্রীয় গ্যারান্টির নীতিগত সম্মতি প্রদান
- বাংলাদেশ ব্যাংক কর্তৃক কর্মসংস্থান ব্যাংকের অনুকূলে ১০০.০০ কোটি টাকা পুনঃঅর্থসংস্থান ঋণের বিপরীতে রাষ্ট্রীয় গ্যারান্টির নীতিগত সম্মতি প্রদান
- জ্বালানি তেল আমদানি অর্থায়নে ২০১৬-১৭ সময়ের জন্য আন্তর্জাতিক Islamic Trade Finance Corporation (ITFC) জেদ্দা থেকে ৫০০ মিঃমাঃডলার (Best Effort Basis) এবং কন্টিনজেন্সি ব্যবস্থায় প্রয়োজনে ২০০ মিঃমাঃডলার ঋণ সহায়তা গ্রহণের বিষয়ে মতামত প্রদান
- বাংলাদেশ রেলওয়ের জন্য ৭০ টি এমজি ডিজেল ইলেকট্রিক লোকোমেটিভ সংগ্রহ শীর্ষক প্রকল্পের দরপত্রে রাষ্ট্রীয় গ্যারান্টির বিষয়ে অর্থ বিভাগের মতামত প্রদান
- বাংলাদেশ সার্বভৌম সম্পদ তহবিল 'SWF' গঠনের বিষয়ে মন্ত্রিপরিষদ সভার নীতিগত অনুমোদন গ্রহণ
- ২০১৬-১৭ অর্থ বছরে রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক কর্তৃক বাংলাদেশ ব্যাংক হতে পুনঃঅর্থায়নযোগ্য ঋণ প্রাপ্তির সুবিধার্থে রাষ্ট্রীয় গ্যারান্টির নীতিগত সম্মতি প্রদান
- আনসার-ভিডিপি ব্যাংক বাংলাদেশ ব্যাংক হতে ২০০ কোটি টাকা ঋণ প্রাপ্তির সুবিধার্থে রাষ্ট্রীয় গ্যারান্টির নীতিগত সম্মতি প্রদান
- বিদ্যুৎ বিভাগের আওতাধীন বিপিডিবি কর্তৃক গৃহীত খুলনা ৩৩০ মেঃওঃ (২০০-৩০০) ডুয়েল ফুয়েল কমবাইন্ড সাইকেল পাওয়ার প্লান্ট শীর্ষক প্রকল্প বাস্তবায়নকল্পে Buyers Credit এর মাধ্যমে অর্থায়নের বিপরীতে রাষ্ট্রীয় গ্যারন্টির নীতিগত সম্মতি প্রদান
- বিশ্বব্যাংক প্রণীত ''Bangladesh Streamlining Civil Service Pensions Processes and System" প্রতিবেদনের উপর কর্মশালার আয়োজন
- বাংলাদেশের বিদ্যমান পেনশন ব্যবস্থা ও তার সংস্কার এবং সার্বজনীন পেনশন ব্যবস্থা প্রবর্তনের সম্ভাব্য কাঠামো শীর্ষক কর্মশালার আয়োজন
- রাষ্ট্রীয় গ্যারান্টি/কাউন্টার গ্যারান্টির তালিক হালনাগাদকরণ ও ওয়েব সাইটে প্রকাশ
- সরকারের নগদ ব্যবস্থাপনা সুষ্ঠুরূপে পরিচালনা এবং সরকারের ঋণের চাহিদা সঠিকভাবে নিরূপণের লক্ষ্যে নিয়মিত নগদ পূর্বাভাস প্রস্তুতকরণ